# সুনান আবূ দাউদ (ইসলামিক ফাউন্ডেশন)

হাদিস নাম্বারঃ ৩০৮১

১৫/ কিতাবুল জানাযা (كتاب الجنائز)

পরিচ্ছেদঃ ১৮৩. রোগীর পরিচর্যা সম্পর্কে।

باب فِي الْعِيَادَةِ

আরবী

حَدَّثَنَا عَبْدُ الْعَزِيزِ بْنُ يَحْيَى، حَدَّثَنَا مُحَمَّدُ بْنُ سَلَمَةَ، عَنْ مُحَمَّدِ بْنِ إِسْحَاقَ، عَنِ الزُّهْرِيِّ، عَنْ عُرْوَةَ، عَنْ أُسَامَةَ بْنِ زَيْدٍ، قَالَ خَرَجَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم يَعُودُ عَبْدَ اللَّهِ بْنَ أُبَىٍّ فِي مَرَضِهِ الَّذِي مَاتَ فِيهِ فَلَمَّا دَخَلَ عَلَيْهِ عَرَفَ فِيهِ الْمَوْتَ قَالَ " قَدْ كُنْتُ أَنْهَاكَ عَنْ حُبِّ يَهُودَ " . قَالَ فَقَدْ أَبْغَضَهُمْ أَسْعَدُ بْنُ زُرَارَةَ فَمَهْ فَلَمَّا مَاتَ أَتَاهُ ابْنُهُ فَقَالَ يَا رَسُولَ اللَّهِ إِنَّ عَبْدَ اللَّهِ بْنَ أُبَىٍّ قَدْ مَاتَ فَأَعْطِنِي قَمِيصَكَ أُكَفِّنْهُ فِيهِ . فَنَزَعَ رَسُولُ اللَّهِ صلى الله عليه وسلم قَمِيصَهُ فَأَعْطَاهُ إِيَّاهُ .

বাংলা

৩০৮১. আবদুল আযীয ইবন ইয়াহ্‌ইয়া (রহঃ) ...... উসামা ইবন যায়দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেনঃ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আবদুল্লাহ্ ইবন উবাই (মুনাফিক) কে মৃত্যু শয্যায় তাকে দেখার জন্য গমন করেন। তিনি যখন তার নিকট প্রবেশ করেন, তখন তিনি তার মাঝে মুত্যুর আলামত দেখে বলেনঃ আমি তোমাকে ইয়াহূদীদের সাথে মহব্বত রাখতে নিষেধ করতাম! তখন সে বলেঃ আস’আদ ইবন যুরারা তাদের সাথে শত্রুতা পোষণ করে কি পেয়েছে? সেও তো মারা গেছে। আর সে মারা গেলে, তার ছেলে (যিনি খাঁটি মু’মিন ছিলেন) তাঁর নিকট এসে বলেঃ হে আল্লাহ্‌র নবী! আবদুল্লাহ ইবন উবাই মারা গেছে। সুতরাং আপনি আপনার জামাটা আমাকে দিন, যা দিয়ে আমি তার কাফন দিতে পারি। তখন রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম তাঁর জামা খুলে তাঁকে প্রদান করেন।

## English

Narrated Usamah b. Zaid:
The Messenger of Allah (ﷺ) went out to visit 'Abd Allah b. Ubayy during his illness of which he died. When he entered upon him, he realised death on

him. He said: I used to forbid you from the love of Jews. He ('Abd Allah) said: As'ad b. Zurarah hated them. So what (the benefited) ? When he died, his son came and said: Prophet of Allah, 'Abd Allah b. Ubayy has died, give me your shirt, so that I shroud him in it. The Messenger of Allah (ﷺ) took off his shirt and gave it to him.

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ ইসলামিক ফাউন্ডেশন  বর্ণনাকারীঃ উসামাহ ইবনু যায়দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=35188

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন